

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
পূর্বধলা, নেত্রকোণা।

বিষয়:- উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সভা আহ্বান।

তারিখ:- ০৪/১১/২০২১

উপর্যুক্ত বিষয়ের আলোকে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সভা আগামী ০৭/১১/২০২১ তারিখ ৩১/১১/২০২১ সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ে অনুষ্ঠিত হবে। সভায় সভাপতিত্ব করবেন উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, জনাব, শারমিন সুলতানা সুমী আকন্দ।

সভায় সম্মানিত সকল সদস্যগণকে নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

৷

উপজেলা কৃষি কর্মকর্তা

ও

সদস্য সচিব

উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্ট্যান্ডিং কমিটি

সদয় কার্যার্থেঃ

- ১। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পূর্বধলা, নেত্রকোণা, সভাপতি, উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্ট্যান্ডিং কমিটি।
- ২। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পূর্বধলা, নেত্রকোণা, সদস্য, উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্ট্যান্ডিং কমিটি।
- ৩। প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পূর্বধলা, নেত্রকোণা, সদস্য, উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্ট্যান্ডিং কমিটি।
- ৪। চেয়ারম্যান, ঘাগড়া ইউনিয়ন পরিষদ, সদস্য, উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্ট্যান্ডিং কমিটি।
- ৫। চেয়ারম্যান, নারান্দিয়া ইউনিয়ন পরিষদ, সদস্য, উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্ট্যান্ডিং কমিটি।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পূর্বধলা, নেত্রকোণা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, পূর্বধলা, নেত্রকোণা।

৷

০৪/১১/২০২১

উপজেলা কৃষি কর্মকর্তা

ও

সদস্য সচিব

উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্ট্যান্ডিং কমিটি

পূর্বধলা উপজেলা পরিষদের কৃষি ও সেচ বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সভার কার্য বিবরণী।

সভার স্থান : জনাব মোছাঃ শারমীন সুলতানা সুমী আকন্দ
 মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পূর্বধলা, নেত্রকোণা।
 সভার তারিখ ও সময় : মহিলা ভাইস চেয়ারম্যান ঐর কক্ষ।
 : ০৭/১১/২০২১খ্রিঃ সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিতির হাজিরা : পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সকল সদস্য কে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার, পূর্বধলা, নেত্রকোণা আলোচনা সুচী অনুযায়ী সভা পরিচালনা করেন। আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

ক্র. নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১	কৃষি বিষয়ক আলোচনা	সদস্য সচিব উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, কৃষি বিভাগের কার্যক্রম করোনা কালেও সুষ্ঠু ও সুন্দর ভাবে চলছে। এ বছর ধানের ন্যায্য মূল্য পাওয়ায় কৃষকেরা খুশি। পরিকল্পনা মারফত কৃষি বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। উৎপাদন শীলতা বৃদ্ধির লক্ষ্যে কৃষকদেরকে নতুন নতুন জাত সম্প্রসারণ ও নতুন প্রযুক্তির বিষয়ে প্রশিক্ষণ দেয়া হচ্ছে। পর্যাপ্ত পরিমাণে সার মজুদ রহিয়াছে। মেয়াদ উত্তীর্ণ কীটনাশক যাতে দোকানে না থাকে সে বিষয়ে মনিটরিং করা হচ্ছে। এ ব্যাপারে মাঠ পর্যায়ের কর্মরত সকল কর্মকর্তা তৎপর রহিয়াছে।	বিস্তারিত আলোচনান্তে উপজেলা কৃষি কর্মকর্তাকে বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা কৃষি অফিসার পূর্বধলা, নেত্রকোণা
২	সেচ বিষয়ক আলোচনা	সদস্য সচিব উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, ফসল উৎপাদনের জন্য সেচ একটি গুরুত্বপূর্ণ উপকরণ। সেচের কারণে ফসল উৎপাদনে কৃষকেরা যাতে ক্ষতি গ্রস্ত না হয় সে ব্যাপারে কৃষি বিভাগ সার্বক্ষণিক কাজ করে যাচ্ছে। বিদ্যুৎ চালিত সেচের পাম্প গুলোতে যাতে সময়মত সংযোগ দেয়া হয় সে দিকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে সজাগ দৃষ্টি রাখতে অনুরোধ করা হল। অত্র উপজেলাতে গভীর নলকূপ বিদ্যুৎ চালিত ৫২টি এবং ডিজেল চালিত ০৭ টি অগভীর নলকূপ বিদ্যুৎ চালিত ২৮১০ টি ডিজেল চালিত ৪৩৩০ টি, এলএলপি বিদ্যুৎ চালিত ৯০ টি ডিজেল চালিত ৬৩ টি রহিয়াছে। সেচ কার্যক্রমে কৃষকেরা যেন কোন প্রকার হয়রানির শিকার না হয় সে ব্যাপারে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করছি।	বিস্তারিত আলোচনান্তে সেচ কার্যক্রম স্বাভাবিক রাখার সকল ধরনের উদ্যোগ সর্ব সম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষ
৩	বিবিধ	কৃষির উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে উপজেলা পরিষদের এডিপি ফান্ড থেকে কৃষি উপকরণ সরবরাহ করা গেলে কৃষকেরা উপকৃত হবে।	উপজেলা পরিষদের এডিপি ফান্ড থেকে কৃষি উপকরণ সরবরাহ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট কর্তৃপক্ষ

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মোহাম্মদ শরিফুল ইসলাম
০৭/১১/২০২১

(মোহাম্মদ শারমীন সুলতানা সুমী আকন্দ)

মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

কৃষি ও সেচ বিষয়ক স্ট্যান্ডিং কমিটি

পূর্বধলা, নৈত্রকোণা।

তারিখঃ- ০৭/১১/২০২১ খ্রিঃ

স্মারক নং ৫৯০/১(৬)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ-

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পূর্বধলা, নৈত্রকোণা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, পূর্বধলা, নৈত্রকোণা।
- ৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পূর্বধলা, নৈত্রকোণা।
- ৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পূর্বধলা, নৈত্রকোণা।
- ৫। চেয়ারম্যান, ঘাগড়া ইউনিয়ন পরিষদ, পূর্বধলা, নৈত্রকোণা।
- ৬। চেয়ারম্যান, নারাদিয়া ইউনিয়ন পরিষদ, পূর্বধলা, নৈত্রকোণা।
- ৭। অফিস কপি।

মোহাম্মদ শরিফুল ইসলাম
০৭/১১/২০২১

(মোহাম্মদ শরিফুল ইসলাম)

উপজেলা কৃষি অফিসার

পূর্বধলা, নৈত্রকোণা।